ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩৪৫৫

সোনামুড়া,২৯ অক্টোবর,২০২৫

## কাঁঠালিয়া ব্লকে রেগায় বিভিন্ন উন্নয়নমূলক কাজ

এমজিএন রেগায় কাঁঠালিয়া ব্লকের বিভিন্ন পঞ্চায়েত এলাকায় নানা উন্নয়নমূলক কর্মসূচি রূপায়িত হয়েছে। নিদয়া পঞ্চায়েত এলাকায় একটি আরসিসি বক্স কালভার্ট নির্মাণ করা হয়েছে। ব্যয় হয়েছে ১১ লক্ষ ৫০ হাজার ৮৫৪ টাকা। ভবানীপুর পঞ্চায়েতে কৃষকদের জন্য একটি এগ্রি প্রডিউস শেড নির্মাণ করে দেওয়া হয়েছে। ব্যয় হয়েছে ১৬ লক্ষ ৪ হাজার টাকা। তাছাড়া এই ব্লকের কালীকৃষ্ণ নগর পঞ্চায়েত এলাকার চা বাগানের কাছাকাছি একটি ধূপ তৈরীর ঘর নির্মাণ করে দেওয়া হয়েছে। এই প্রকল্প বাস্তবায়ণের জন্য রেগা থেকে আরও ১৫ লক্ষ ৯৭ হাজার ৭৫২ টাকা ব্যয় করা হয়। কাঁঠালিয়া ব্লক কার্যালয় থেকে এ তথ্য জানানো হয়েছে।

******